

৭ সেপ্টেম্বর ২০২৩, বঙ্গাভবন

=====

রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবসনে পদক্ষেপ নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান রাষ্ট্রপতির

=====

রোহিঙ্গাদের স্বদেশ প্রত্যাবসনে পদক্ষেপ নিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। আজ ইন্দোনেশিয়ার জাকার্তা কনভেনশন সেন্টার ১৮তম ইন্ট এশিয়া সামিটে ‘গেস্ট অভ চেয়ার’ হিসেবে দেয়া ভাষণে রাষ্ট্রপতি এই আহ্বান জানান।

জাতিসংঘের মহাসচিব আন্তোনিয় গুতেরেস, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আমেরিকার ভাইস প্রেসিডেন্ট Kamala Harris সহ আঞ্চলিক এ ফোরামের ১৮ টি দেশের প্রতিনিধিরা সম্মেলনে অংশ নেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন, মানবিক কারণে প্রধানমন্ত্রী বাস্তুচ্যুত রোহিঙ্গাদের বাংলাদেশে আশ্রয় দিলেও বর্তমানে এটি দেশের জন্য বড় সমস্যা। রোহিঙ্গা সমস্যার সমাধানে জরুরি ভিত্তিতে কাজ করার আহ্বান জানান রাষ্ট্রপতি।

রাষ্ট্রপতি তাঁর ভাষণে আসিয়ান এবং ইন্ট এশিয়া সামিটে আমন্ত্রণ জানানোর জন্য ইন্দোনেশিয়া সরকারকে ধন্যবাদ জানান।

রাষ্ট্রপতি বলেন, জলবায়ু পরিবর্তন, নিরাপত্তা, বাণিজ্য ও বিনিয়োগসহ বেশ কিছু বিষয় রয়েছে যেখানে আসিয়ান এবং বাংলাদেশ সহযোগিতা করতে পারে। তিনি বলেন, আসিয়ানের সাথে সম্পর্ক ঘনিষ্ঠ করতে এর সেক্টারাল ডায়ালগ পার্টনার হতে চায় বাংলাদেশ।

এসময় আসিয়ানের সাথে ইন্ডিয়ান ওশান রিম অ্যাসোসিয়েশন IORA-এর সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ায় IORA-এর চেয়ার হিসেবে রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন এবং বলেন এর ফলে বিভিন্ন ক্ষেত্রে যোগাযোগ ও সহযোগিতা বৃদ্ধি পাবে।

পরে, রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আমেরিকার ভাইস প্রেসিডেন্ট Kamala Harris, ভিয়েতনামের প্রধানমন্ত্রী Pham Minh Chinh, লাওস এর প্রধানমন্ত্রী Sonexay Siphandone-সহ সম্মেলনে যোগদানকারী বিশ্ব নেতাদের সাথে কুশল বিনিময় করেন।

উল্লেখ্য, আসিয়ানের চেয়ার ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইদোদোর আমন্ত্রণে আসিয়ানের শীর্ষ সম্মেলনের সাথে সাথে ইন্ট এশিয়া সামিটেও যোগ দেন রাষ্ট্রপতি।